ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫২৫
আগরতলা,৩ মে,২০২৫

**বিচার ব্যবস্থায় ত্রিপুরা দেশের ছোট রাজ্যগুলির মধ্যে শীর্ষস্থানে থাকায় মুখ্যমন্ত্রীর অভিনন্দন**

ত্রিপুরার বিচার ব্যবস্থা দেশের ছোট রাজ্যগুলির মধ্যে প্রথম স্থান অর্জন করেছে। ইন্ডিয়া জাস্টিস রিপোর্ট ২০২৫-এ এই তথ্য প্রকাশিত হয়েছে। রাজ্যের বিচার ব্যবস্থার এই স্বীকৃতিতে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানিয়েছেন। বিচার ব্যবস্থার সাথে যুক্ত সম্মানিত বিচারক, জুডিশিয়াল অফিসার, আদালতের কর্মচারীবৃন্দ এবং বারের সদস্যদের সম্মিলিত প্রয়াসের ফলেই এই সাফল্য অর্জন বলে মুখ্যমন্ত্রী এক বার্তায় মন্তব্য করেছেন। মূলত চারটি বিষয়ের উপর প্রাধান্য দিয়ে ইন্ডিয়া জাস্টিস রিপোর্ট প্রকাশিত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য হল - বিচার প্রক্রিয়া, পুলিশ, কারাবিভাগ এবং আইনী সহায়তা। টাটা ইনস্টিটিউট অব সোস্যাল সায়েন্স, কমনওয়েলথ হিউম্যান রাইটসের সহায়তায় ইন্ডিয়া জাস্টিস রিপোর্টটি প্রকাশিত হয়।

রাজ্যের বিচার ব্যবস্থার এই শীর্ষস্থান অর্জন বিচার প্রক্রিয়ায় জনগণের আস্থাকে আরো সুদৃঢ় করবে বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন।

*****